



পিআইবি'র নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

পিআইবি'র নৈতিকতা কমিটির একটি সভা ১৮.০৯.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী	মন্তব্য
১.	জনাব আকতার হোসেন, পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ)	সদস্য	অনুপস্থিত
২.	জনাব আকতার হোসেন, সহযোগী সম্পাদক, অতিরিক্ত দায়িত্ব	সদস্য	অনুপস্থিত
৩.	জনাব মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য-সচিব	
৪.	জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা	আমন্ত্রিত সদস্য	


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও উপ-পরিচালক (প্রশাসন) জনাব মো. জাকির হোসেন জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ অনুযায়ী ওয়েবসাইটে বিভিন্ন তথ্যাদি হালনাগাদকরণের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত বিষয়াদির অগ্রগতি আলোচনার জন্য পিআইবি'র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হয়। এছাড়া ইতিমধ্যে তথ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত শুদ্ধাচার সংক্রান্ত সভায় “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা” অনুযায়ী বিভিন্ন বিষয়াদি যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা দিয়েছেন। সভাপতি বলেন, পিআইবি'র ওয়েবসাইটে হালনাগাদকরণের কাজ জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা সম্পাদন করে থাকেন। সেজন্য পিআইবি'র নৈতিকতা কমিটিতে সদস্য হিসেবে মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে কমিটি সুপারিশ করে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

নৈতিকতা কমিটির সদস্য সচিব ও উপপরিচালক (প্রশাসন) জনাব মো. জাকির হোসেন আরো জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ অনুযায়ী কোয়ার্টার ভিত্তিক বিভিন্ন কার্যক্রম পিআইবিতে চলমান রয়েছে। আগামী ১৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে পিআইবি'র কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া আগামী ২২ সেপ্টেম্বর ২০১৯ তারিখে তৃতীয় শ্রেণির কর্মচারীদের জন্য সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এবং গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ সম্পর্কে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া পিআইবি'র বিধি প্রণয়নের নিমিত্তে ইতিমধ্যে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১৬ জুলাই ২০১৯ মাসে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং পিআইবি বিধি প্রণয়নের কাজ চলমান রয়েছে। তাছাড়া নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ ১০.১০.২০১৯ তারিখের মধ্যে উত্তম চর্চার তালিকা (Best Practice) প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, বিভিন্ন সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ পিআইবি'র ওয়েবসাইটে দৃশ্যমানকরণের ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হয়। তাছাড়া স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

সভাপতি নৈতিকতা কমিটির সভা যথাসময়ে আহ্বান করা এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. ইলিয়াস ভূইয়া)
পরিচালক (প্রশাসন)

ও

আহ্বায়ক

পিআইবি নৈতিকতা কমিটি